# মন্ত্রিপরিষদ বিভাগের আগস্ট ২০২৫ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: মন্ত্রিপরিষদ বিভাগ

প্রতিবেদনাধীন মাসের নাম: আগস্ট ২০২৫ প্রতিবেদন প্রস্তুতের তারিখ: ১০ সেপ্টেম্বর ২০২৫

**(১) প্রশাসনিক:**

ক.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ** | ৪১৭ | ২৮২ | ১৩৫ |
| অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন** | ২,০৯৮ | ১,১০৩ | ৯৯৫ |
| **মোট** | ২,৫১৫ | ১,৩৮৫ | ১,১৩০ |

ক.২ শূন্যপদের বিন্যাস

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | - | - | ৩৯ | ১৬ | ৪৯ | ৩১ | ১৩৫ |
| দুর্নীতি দমন কমিশন | - | - | ২৮৮ | ২১৪ | ২৮৯ | ২০৪ | ৯৯৫ |
| মোট | - | - | ৩২৭ | ২৩০ | ৩৩৮ | ২৩৫ | ১,১৩০ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা | জুলাই মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| মন্ত্রিপরিষদ বিভাগ | - | - | - | - | - | - | - |
| দুর্নীতি দমন কমিশন | - | - | - | - | - | - | - |

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

<table>
<tr><th rowspan="2">মন্ত্রিপরিষদ বিভাগ</th><th colspan="2">মন্ত্রিপরিষদ সচিব</th><th>মন্তব্য</th></tr>
<tr><th>দেশে</th><th>বিদেশে</th><td rowspan="2">মন্ত্রিপরিষদ সচিব ১৬ আগস্ট ২০২৫ তারিখে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভারে পরিচালনা বোর্ডের ৬৬তম সভায় অংশগ্রহণ করেন।</td></tr>
<tr><td rowspan="6">ভ্রমণ/পরিদর্শন</td><td>১</td><td>-</td></tr>
<tr><td colspan="2">সচিব, সমন্বয় ও সংস্কার</td><td rowspan="2">(১) ৩১ জুলাই-২ আগস্ট ২০২৫ মেয়াদে রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জে জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স ও সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন।<br>(২) ৫-৭ আগস্ট ২০২৫ মেয়াদে BRAC CDM, রাজেন্দ্রপুর, গাজীপুরে National Social Insurance Scheme (NSIS) সংক্রান্ত কর্মশালায় অংশগ্রহণ করেন।<br>(৩) ২১-২৪ আগস্ট ২০২৫ মেয়াদে বরিশালে জন্ম ও মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স ও সংশ্লিষ্ট অংশীজনদের সাথে মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন।<br>(৪) ২৫-২৭ আগস্ট ২০২৫ মেয়াদে সিলেট জেলার ভোলাগঞ্জে অবৈধভাবে সাদাপাথর উত্তোলনের ঘটনার সরেজমিনে তদন্ত অনুষ্ঠানে যোগদান করেন।</td></tr>
<tr><td>১৩</td><td>-</td></tr>
<tr><td colspan="2">অতিরিক্ত সচিব</td><td rowspan="2">-</td></tr>
<tr><td>-</td><td>-</td></tr>
</table>

| দুর্নীতি দমন কমিশন | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|
| | দেশে | বিদেশে | ১৪ আগস্ট ২০২৫ তারিখে দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, ঢাকা এবং সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১ ও ২ পরিদর্শন করেন। |
| ভ্রমণ/পরিদর্শন | ১ | - | |

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

**(২) আইন-শৃঙ্খলা বিষয়ক:** প্রযোজ্য নয়।

**(৩) অর্থনৈতিক :** প্রযোজ্য নয়।

**(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:**

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্যসমূহ:

| প্রকল্পের নাম | বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (লক্ষ টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (লক্ষ টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|
| 1. Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS (1st revised) | ২২৫ | ৩.৩৩ (১.৪৮ শতাংশ) | - |
| 2. Social Security Policy Support Programme (2nd revised) | ১,৫৬৮ | ২৫৯.৭৪ (১৬.৫৭ শতাংশ) | - |
| 3. Technical Support for CRVS System Improvement in Bangladesh (Phase-V) | ১২৪ | ৪.৭৬ (৩.৮৪ শতাংশ) | - |
| **মোট** | ১,৯১৭ | ২৬৭.৮৩ (১৩.৯৭ শতাংশ) | - |

খ. প্রকল্পের অবস্থা বিষয়ক তথ্য:

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো | দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| - | - | - | - |

গ. প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা: নেই

**(৫) উৎপাদন বিষয়ক :** প্রযোজ্য নয়।

**(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

**(৭) অডিট আপত্তি:**

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থা | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশিটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১৮টি | ০.৮০ | - | - | ১৮টি | মন্ত্রিপরিষদ বিভাগের ২০২১-২২ অর্থবছরের ১টি, ২০২২-২৩ অর্থবছরের ১টি এবং ২০২৩-২৪ অর্থবছরের ২টি আপত্তিসহ মোট ৪টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। বিলুপ্ত বিভাগ উন্নয়ন বোর্ডের ১৪টি আপত্তিসহ সর্বমোট ১৮টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। |
| দুর্নীতি দমন কমিশন | ২৫টি | ২০৯.৪৩ | ২টি | ৩টি | ২২টি | - |
| মোট | ৪৩টি | ২১০.২৩ | ২টি | ৩টি | ৪০টি | - |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

**(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):**

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থাসমূহ | পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলা (আগস্ট মাসের ১ তারিখে) | আগস্ট মাসে শুরু হওয়া মামলার সংখ্যা | আগস্ট মাসে নিষ্পন্ন মামলার সংখ্যা | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমান অর্থবছরে মোট নিষ্পন্ন মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকরিচ্যুতি/ বরখাস্ত | অন্যান্য দণ্ড | অব্যাহতি | | |
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১ | - | - | - | - | ১ | - |
| দুর্নীতি দমন কমিশন | ১৬ | - | - | - | - | ১৬ | ২ |
| মোট | ১৭ | - | - | - | - | ১৭ | ২ |

**(৯) মানবসম্পদ উন্নয়ন:**

ক. প্রতিবেদনাধীন মাসে নিজস্ব উদ্যোগে প্রশিক্ষণ আয়োজন:

| মন্ত্রণালয়/সংস্থা | ক্রম | প্রশিক্ষণ কর্মসূচি | প্রশিক্ষণের মেয়াদ | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১. | বাজেট ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ | ১৭-২৮ আগস্ট ২০২৫ | ২২ জন |
| দুর্নীতি দমন কমিশন | ১. | অফিস ও আর্থিক ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ | ১০-১২ আগস্ট ২০২৫ এবং ৩১ আগস্ট-২ সেপ্টেম্বর ২০২৫ | ৪০ জন |
| | ২. | বেসিক কম্পিউটার অপারেশন ও রেকর্ড ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ | ৩১ আগস্ট-২ সেপ্টেম্বর ২০২৫ | ২০ জন |
| | ৩. | Dissemination Training | ৩১ আগস্ট ২০২৫ | ২০ জন |

মন্ত্রিপরিষদ বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ২০২৫-২৬ অর্থবছরের অভ্যন্তরীণ প্রশিক্ষণ (বাৎসরিক ৬০ ঘন্টা) চলমান রয়েছে।

খ. প্রতিবেদনাধীন মাসে অন্য প্রতিষ্ঠানে প্রশিক্ষণে অংশগ্রহণ:

| মন্ত্রণালয়/ সংস্থা | ক্রম | প্রশিক্ষণ কর্মসূচি | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সি | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগ | ১. | ১১৮তম সিনিয়র স্টাফ কোর্স (এসএসসি) | ৭ জুলাই-২০ আগস্ট ২০২৫ | বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র | ১ জন |
| | ২. | Lead Implementer Training Course on Information Security Management System based on ISO/IEC 27001:2022 শীর্ষক প্রশিক্ষণ | ২৪-২৭ আগস্ট ২০২৫ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ২ জন |
| | ৩. | Change and Stakeholder Management (CSM) শীর্ষক প্রশিক্ষণ | ২৩-২৫ আগস্ট ২০২৫ | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | ১ জন |
| | ৪. | ন্যাশনাল জব পোর্টাল-এর আওতায় Technical Training | ২৪-২৬ আগস্ট ২০২৫ | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | ১ জন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | ৫. | Fundamental Training Course | ১৭-২৮ আগস্ট ২০২৫ | আঞ্চলিক লোক-প্রশাসক প্রশিক্ষণ কেন্দ্র | ১ জন |
| দুর্নীতি দমন কমিশন | ১. | পাবলিক প্রকিউরমেন্ট ম্যানেজমেন্ট শীর্ষক প্রশিক্ষণ | ৩-২১ আগস্ট ২০২৫ | এনএপিডি | ৩ জন |
| | ২. | English Language Proficiency (IELTS) Focused শীর্ষক প্রশিক্ষণ | ২৪ আগস্ট-১৪ ডিসেম্বর ২০২৫ | এনএপিডি | ১ জন |
| | ৩. | DDO Others Bill Submission and EFT শীর্ষক প্রশিক্ষণ | ২৬ আগস্ট ২০২৫ | অর্থ মন্ত্রণালয় | ৮ জন |

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে কর্মকালীন প্রশিক্ষণের ব্যবস্থা আছে কি না; না থাকলে কর্মকালীন প্রশিক্ষণ আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: নেই।

**(১০) উল্লেখযোগ্য সমস্যা-সংকট: নেই**

**(১১) আইন, বিধি ও নীতি প্রণয়ন এবং উল্লেখযোগ্য কার্যাবলি:**

**ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা:** নেই

**খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:**

(১) প্রতিবেদনাধীন মাসে উপদেষ্টা পরিষদ-বৈঠক চারটি, সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির চারটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির চারটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দুইটি সভা অনুষ্ঠিত হয়েছে।

(২) উপদেষ্টা পরিষদ-বৈঠকে ২৫টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে, ৯টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে, ১৬টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে। প্রতিবেদনাধীন মাসে ৭টি আন্তঃমন্ত্রণালয় পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ৩৫টি প্রস্তাব গৃহীত হয়েছে এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভায় ১১টি প্রস্তাব গৃহীত হয়েছে।

(৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় ৫৫টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(৫) ৬ আগস্ট ২০২৫ তারিখে আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি'র সভা অনুষ্ঠিত হয়েছে।

(৬) 'প্রকৌশল পেশায় বিএসসি ডিগ্রিধারী ও ডিপ্লোমাধারীদের পেশাগত দাবিসমূহের যৌক্তিকতা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশ প্রণয়নের নিমিত্ত কমিটি', 'জনপ্রশাসন বিষয়ক কমিটি', 'নজরদারি প্রযুক্তির সংগ্রহ ও ব্যবহার পর্যালোচনা কমিটি' ও 'প্রাক নিকার সচিব কমিটি' গঠনপূর্বক প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(৭) যুক্তরাষ্ট্রের সঙ্গে ঐতিহাসিক বাণিজ্য সমঝোতা সফলভাবে সম্পন্ন করায় বাণিজ্য মন্ত্রণালয়ের উপদেষ্টা, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা এবং রোহিঙ্গা সমস্যা বিষয়ক হাই রিপ্রেজেন্টেটিভসহ বাংলাদেশ ট্যারিফ আলোচক দলকে অভিনন্দন জানিয়ে এবং জুলাই-আগস্টে ছাত্র-জনতার গণঅভ্যুত্থান দিবসসমূহ সফলভাবে আয়োজনের জন্য মাননীয় প্রধান উপদেষ্টার নেতৃত্বে গঠিত জাতীয় কমিটি, এ কমিটির সহ-সভাপতি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টা এবং কর্মসূচি সমন্বয়ক সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপদেষ্টাসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানিয়ে উপদেষ্টা

পরিষদে অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়। এ সংক্রান্ত প্রজ্ঞাপন ১২ আগস্ট ২০২৫ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(৮) ১৪ আগস্ট ২০২৫ তারিখে Rules of Business, 1996-এর Schedule-I (Allocation of Business among the different Ministries and Divisions-এর '4. CABINET DIVISION' শিরোনামাধীন Item No. 9A ও তদ্‌বিপরীতে উল্লিখিত এন্ট্রি বিলুপ্ত করার প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে।

(৯) ৭ আগস্ট ২০২৫ তারিখে জাতীয় সংসদের তিনটি নির্বাচনে উত্থাপিত অভিযোগের বিষয়ে পর্যালোচনাপূর্বক ভবিষ্যতে সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সুপারিশ প্রণয়নের জন্য গঠিত কমিশনের এবং মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান বিধ্বস্তের মর্মান্তিক ঘটনার প্রেক্ষিত, কারণ, দায়দায়িত্ব ও ক্ষয়ক্ষতি নিরূপণ এবং ঘটনা সংশ্লিষ্ট অপরাপর বিষয় চিহ্নিতকরণের লক্ষ্যে গঠিত তদন্ত কমিশনের সভাপতি ও সদস্যবৃন্দের মর্যাদা, বেতন-ভাতাদি/সম্মানি এবং অন্যান্য সুবিধা নির্ধারণ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(১০) ৮ সেপ্টেম্বর ২০২৫ তারিখে মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে প্রাক নিকার সচিব কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

(১১) ১১ আগস্ট ২০২৫ তারিখে গোপালগঞ্জ জেলা সদরে একটি রাজনৈতিক দলের জনসভাকে কেন্দ্র করে সংঘটিত সহিংসতা, আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি, জেলা কারাগারসহ বিভিন্ন সরকারি স্থাপনায় হামলা, প্রাণহানি ও জানমালের ক্ষয়-ক্ষতি এবং নাগরিক নিরাপত্তা ব্যাহত হওয়ার বিষয়সহ আনুষঙ্গিক অন্যান্য ঘটনা উদঘাটন করার লক্ষ্যে গঠিত তদন্ত কমিশনের সভাপতি ও সদস্যগণের মর্যাদা এবং বেতন-ভাতাদি/সম্মানি নির্ধারণ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

(১২) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ থেকে প্রাপ্ত আইনের খসড়াসমূহের ভাষাগত উৎকর্ষ সাধন, বিষয়গত যথার্থতা এবং সংশ্লিষ্ট আইনের সঙ্গে সামঞ্জস্য ও সংগতি বিধানের লক্ষ্যে 'আইনের খসড়া পরীক্ষা নিরীক্ষাপূর্বক মতামত প্রদান সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি'র ৪টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্ত অনুযায়ী ৩টি অধ্যাদেশ উপদেষ্টা পরিষদ-বৈঠকে উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়েছে।

(১৩) আগস্ট ২০২৫ মাসে কমিশনার মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে এবং উক্ত সমন্বয় সভায় ২১টি সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

(১৪) কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত জুলাই দ্বিতীয় ও আগস্ট প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধান উপদেষ্টা সমীপে উপস্থাপন করা হয়েছে।

(১৫) মন্ত্রিপরিষদ বিভাগের সঙ্গে সকল জেলা প্রশাসকের জুম প্ল্যাটফর্মে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

(১৬) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২০৬তম সভা অনুষ্ঠিত হয়েছে।

(১৭) মন্ত্রণালয় ও বিভাগসমূহের কার্যাবলি সম্পর্কিত আগস্ট ২০২৫ মাসের মাসিক প্রতিবেদন মাননীয় প্রধান উপদেষ্টার নিকট প্রেরণ করা হয়েছে।

(১৮) আগস্ট ২০২৫ মাসে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ২৫টি অভিযোগ পাওয়া গেছে। উক্ত অভিযোগসমূহের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৯) আগস্ট ২০২৫ মাসে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের বিরুদ্ধে ১৯টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত অভিযোগসমূহের মধ্যে ১৭টি অভিযোগ তদন্তপূর্বক প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাতপূর্বক নিষ্পত্তি করে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে। সরাসরি মন্ত্রিপরিষদ বিভাগে দাখিলকৃত ২টি অভিযোগ তদন্তপূর্বক প্রাথমিকভাবে প্রমাণিত না হওয়ায় নথিজাত করা হয়েছে।

(২০) পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ২০২৫ (হিজরি ১৪৪৭) উদ্‌যাপন উপলক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সকল কমিশনার, জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে পত্র প্রেরণ করা হয়েছে।

(২১) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ৪ বছর মেয়াদি ডিপ্লোমা পর্যায়ের শিক্ষাক্রমে সরকারি প্রতিষ্ঠানসমূহে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে প্রথম পর্বে ভর্তি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে গ্রহণের বিষয়ে সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(২২) চট্টগ্রাম ওয়ার সিমেট্রিতে সমাধিস্থ দ্বিতীয় বিশ্বযুদ্ধে নিহত জাপানি সৈনিকদের দেহাবশেষ জাপানে প্রত্যাবাসন প্রসঙ্গে জেলা প্রশাসক, চট্টগ্রামকে পত্র প্রেরণ করা হয়েছে।

(২৩) মাঠ পর্যায়ে 'জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫'এর সফল বাস্তবায়নের জন্য সকল কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(২৪) জেলা উন্নয়ন সমন্বয় কমিটি এবং উপজেলা মাসিক সমন্বয় কমিটি'র সভায় 'সরকারি মাধ্যমে হজ' বিষয়টিকে নিয়মিত এজেন্ডাভুক্তকরণের জন্য সকল জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

(২৫) ২১ আগস্ট ২০২৫ তারিখে সিলেট জেলার কোম্পানীগঞ্জ উপজেলার ভোলাগঞ্জ হতে অবৈধভাবে সাদাপাথর উত্তোলনের বিষয়ে গঠিত তদন্ত কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।

(২৬) ফৌজদারি কার্যবিধি-১৮৯৮-এর আওতাধীন ২০২৩ সাল পর্যন্ত দায়েরকৃত অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে দীর্ঘমেয়াদী অনিষ্পন্ন মামলার তথ্য পর্যালোচনা ও পরিবীক্ষণ করা হয়েছে। উক্ত তথ্য মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক সমন্বয় সভায় এবং বিভাগীয় কমিশনার মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে।

(২৭) ফৌজদারি কার্যবিধির আওতাধীন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালত এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতের চলমান মামলা পরিচালনার তথ্য পর্যলোচনাপূর্বক পরিবীক্ষণ করা হয়। উক্ত তথ্য মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক সমন্বয় সভায় এবং উক্ত তথ্যের আলোকে প্রস্তুতকৃত প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহের (KPI) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগের মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে।

(২৮) ৪ আগস্ট ২০২৫ তারিখে মন্ত্রিপরিষদ সচিবের সভাপতিত্বে দুর্নীতি দমন কমিশন সংস্কার কমিশনের সুপারিশ বাস্তবায়ন বিষয়ক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

(২৯) ৭ আগস্ট ২০২৫ তারিখে অনুষ্ঠিত উপদেষ্টা পরিষদ বৈঠকে সংস্কার কমিশনের সুপারিশ বাস্তবায়নের বিষয়ে গৃহীত সিদ্ধান্ত সকল মন্ত্রণালয়/বিভাগকে অবহিত এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার লক্ষ্যে পত্র প্রেরণ করা হয়েছে।

(৩০) ১৮ আগস্ট ২০২৫ তারিখে স্থায়ী জনপ্রশাসন সংস্কার কমিশন গঠন, পার্শ্ব নিয়োগ এবং উপজেলা পরিষদ শক্তিশালীকরণ সংক্রান্ত সুপারিশ বাস্তবায়নের বিভিন্ন দিক বিশ্লেষণপূর্বক প্রতিবেদন প্রদানের লক্ষ্যে কমিটি গঠন করে পত্র জারি করা হয়েছে।

(৩১) ২৮ আগস্ট ২০২৫ তারিখে দ্বিতীয় পর্যায়ে গঠিত ৫টি সংস্কার কমিশনের (স্থানীয় সরকার, গণমাধ্যম, স্বাস্থ্যখাত, নারী বিষয়ক এবং শ্রম সংস্কার কমিশন) প্রতিবেদন প্রধান উপদেষ্টার কার্যালয় এবং জাতীয় ঐকমত্য কমিশনে প্রেরণ করা হয়েছে।

(৩২) ৩১ আগস্ট ২০২৫ তারিখে সচিব, সমন্বয় ও সংস্কারের সভাপতিত্বে সংস্কার প্রস্তাব বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগের বাস্তবায়ন টিমের দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়েছে।

(৩৩) সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/ Governance Performance Monitoring System (GPMS)-প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত প্রতিটি মন্ত্রণালয়/বিভাগে GPMS টিম গঠনের জন্য মন্ত্রণালয়/বিভাগসমূহে পত্র প্রেরণ করা হয়েছে।

(৩৪) মন্ত্রিপরিষদ বিভাগের আওতায় বাস্তবায়নের জন্য 'Strengthening SBCC Delivery System in Nutrition Sensitive Social Protection' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি ৭ আগস্ট ২০২৫ তারিখে মাননীয় প্রধান উপদেষ্টা কর্তৃক অনুমোদিত হয়েছে এবং ২৪ আগস্ট ২০২৫ তারিখে প্রকল্পের প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে।

(৩৫) মন্ত্রিপরিষদ বিভাগের চলমান প্রকল্পসমূহের ২০২৪-২৫ অর্থবছরের জুলাই ২০২৫ মাসের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ও চলমান প্রকল্প সংক্রান্ত তথ্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা হয়েছে।

**গ. আগামী (সেপ্টেম্বর-অক্টোবর ২০২৫) দুই মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:**

(১) উপদেষ্টা পরিষদ-বৈঠক, জাতীয় পুরস্কার সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, নিরাপত্তা সংক্রান্ত জাতীয় কমিটি, উপদেষ্টা পরিষদ কমিটি/পরিষদ/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(২) সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি এবং আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটি'র সভা আয়োজন।

(৩) উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য ১৬টি আন্তঃমন্ত্রণালয় সভা আয়োজন।

(৪) ২০২১ এবং ২০২২ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সারসংক্ষেপ, বিজ্ঞপ্তি এবং কার্যবিবরণীসমূহের মোট ৭৬ খণ্ড ডকুমেন্টের সূচি, পৃষ্ঠা নম্বর ইত্যাদি পুনঃপরীক্ষা করে বাঁধাইয়ের জন্য বাংলাদেশ সরকারি মুদ্রণালয়ে (বিজি প্রেস) প্রেরণ।

(৫) ২০২৩ ও ২০২৪ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সারসংক্ষেপের খণ্ড বিন্যাস ও খণ্ড অনুযায়ী সূচি তৈরি, কার্যবিবরণীর সূচি তৈরি এবং বিজ্ঞপ্তি ও কার্যবিবরণীর খণ্ডসমূহে পৃষ্ঠা নম্বর প্রদান।

(৬) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ২০৭তম সভা আয়োজন।

(৭) প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)-এর ১১৯তম সভা আয়োজন।

১১.৯.২০২৫

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব